**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 15.07.2026** **Desk in Charge : SDG**

**Time: 7-50 PM** **Edit. & Compile. : Priya B.**

**DEO: KB** **NRT : Priya B.**

**খবর পড়ছিঃ-**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ ভারত ও ব্রিটেনের মধ্যে ঐতিহাসিক, সর্বাত্মক, অর্থনৈতিক ও বাণিজ্য চুক্তি- CETA, আজ থেকে কার্যকর হয়েছে। **#**এই চুক্তির ফলে মূলত পাট, ইঞ্জিনিয়ারিং পণ্য, গাড়ির যন্ত্রাংশ, জুতো ও চামড়া জাতীয় সামগ্রী সহ একাধিক রপ্তানিযোগ্য পণ্য, বিনা শুল্কে ব্রিটেনের বাজারে প্রবেশ করতে পারবে।

২/ পূর্বাঞ্চলের নিরাপত্তা পরিস্থিতি এবং ভারতীয় সেনাবাহিনীর যুদ্ধ প্রস্তুতি খতিয়ে দেখতে সেনাপ্রধান জেনারেল ধীরজ শেঠ দু'দিনের সফরে পূর্বাঞ্চলীয় সেনা কমান্ড পরিদর্শন করেছেন।

৩/ রাজ্য সরকারি দপ্তরগুলিতে বিভিন্ন কাজে বরাত দেওয়ার ক্ষেত্রে প্রতিবার টেন্ডার ডাকা বাধ্যতামূলক করা হয়েছে।

৪/ মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন তৃণমূলে ভাঙন অব্যাহত। **#** ঋতব্রত শিবিরে যোগ কামারহাটির বিধায়ক মদন মিত্র-এর।

৫/ কলকাতা হাইকোর্ট, মমতা ব্যানার্জী-পন্থী তৃণমূল কংগ্রেসকে, বিড়লা প্ল্যানেটরিয়ামের কাছে ২১শে জুলাই শহীদ দিবস পালনের অনুমতি দিয়েছে।

৬/ আগামীকাল রথযাত্রা। পুরীর পাশপাশি এরাজ্যেও উৎসব উদযাপনের প্রস্তুতি তুঙ্গে।

******************************************************************

ভারত ও ব্রিটেনের মধ্যে ঐতিহাসিক, সর্বাত্মক অর্থনৈতিক ও বাণিজ্য চুক্তি- CETA, আজ থেকে কার্যকর হয়েছে। দেশব্যাপী কর্মসূচির অংগ হিসেবে কলকাতার নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো কমপ্লেক্সে আজ একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখান থেকে সোনার গয়না, পান পাতা, কফি এবং চা রপ্তানির প্রথম চালান, ব্রিটেনে পাঠানো হয়েছে। এই চুক্তির ফলে মূলত পাট, ইঞ্জিনিয়ারিং পণ্য, গাড়ির যন্ত্রাংশ, জুতো ও চামড়া জাতীয় সামগ্রী সহ একাধিক রপ্তানিযোগ্য পণ্য, বিনা শুল্কে ব্রিটেনের বাজারে প্রবেশ করতে পারবে।

অনুষ্ঠানে উপস্থিত রাজ্যের শিল্প ও বাণিজ্য মন্ত্রী তাপস রায়, আকাশবাণীকে একান্ত সাক্ষাৎকারে বলেন, পূর্ব ভারতের অর্থনৈতিক বৃদ্ধির ক্ষেত্রে আজ এক নতুন অধ্যায়ের সূচনা হল। ভারত-ব্রিটেন মুক্ত বাণিজ্য চুক্তি 'বিকশিত ভারত' এবং 'বিকশিত পশ্চিমবঙ্গ'-এর লক্ষ্যকে আরও গতিশীল করবে। তিনি অভিযোগ করেন, পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকার বাণিজ্য প্রসারে কোনো পদক্ষেপ না নিলেও বর্তমান সরকার এক্ষেত্রে সবরকম উদ্যোগ নিচ্ছে।

( বাইট- তাপস রায় )

ভরতে, ব্রিটিশ ডেপুটি হাই কমিশনার ড. অ্যান্ড্রু ফ্লেমিং জানান, CETA চুক্তির বাস্তয়াবায়ন সমগ্র বিশ্বের কাছে একটি বড় ইতিবাচক বার্তা পাঠাল।

( বাইট- অ্যান্ড্রু ফ্লেমিং )

পশ্চিমবঙ্গ এবং উত্তর-পূর্ব ভারতের পাট, বাঁশ, ফলমূল ও শাকসবজি সহ বিভিন্ন পণ্য এই চুক্তির ফলে বিশেষভাবে লাভবান হবে বলে, অ্যাডিশনাল ডিরেক্টার জেনারেল ফরেন ট্রেড সি. কে. মিশ্র জানিয়েছেন।

( বাইট- সি. কে. মিশ্র )

সেন্ট্রাল বোর্ড অফ ইনডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস- CBIC-এর সদস্য যোগেন্দ্র গর্গ বলেন, এই মুক্ত বাণিজ্য চুক্তি পশ্চিমবঙ্গ ও উত্তর-পূর্ব ভারতের জন্য এক বৃহৎ সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে। আজকের এই প্রথম চালান পাঠানোর মধ্য দিয়ে কর্মসংস্থান, উন্নয়ন এবং সমৃদ্ধির নতুন নতুন সম্ভাবনা তৈরি হলো। ডিরেক্টরেট জেনারেল অফ ফরেন ট্রেড (DGFT), জেম অ্যান্ড জুয়েলারি এক্সপোর্ট প্রমোশন কাউন্সিল

(GJEPC), কাস্টমস কর্তৃপক্ষ এবং অন্যান্য অংশীদারদের যৌথ উদ্যোগে এই বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

***************************

পূর্বাঞ্চলের নিরাপত্তা পরিস্থিতি এবং ভারতীয় সেনাবাহিনীর যুদ্ধ প্রস্তুতি খতিয়ে দেখতে সেনাপ্রধান জেনারেল ধীরজ শেঠ দু'দিনের সফরে পূর্বাঞ্চলীয় সেনা কমান্ড পরিদর্শন করেছেন। গতকাল ও আজ ত্রিশক্তি কোর, ব্যাঙডুবি বেংডুবি সামরিক স্টেশন এবং স্পিয়ার কোরে গিয়ে তিনি সীমান্তে মোতায়েন বাহিনীর প্রস্তুতি, নজরদারি ব্যবস্থা, প্রযুক্তির ব্যবহার এবং আধুনিকীকরণের অগ্রগতি পর্যালোচনা করেন। সেনাবাহিনীর তরফে জানানো হয়েছে, ত্রিশক্তি কোরে সেনাপ্রধানকে পূর্বাঞ্চলের সামগ্রিক নিরাপত্তা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত অবহিত করা হয়। এরপরে ব্যাঙডুবি সামরিক স্টেশনে আঞ্চলিক নিরাপত্তা ব্যবস্থা, রসদ সরবরাহের প্রস্তুতি খতিয়ে দেখার পর স্পিয়ার কোরে, উত্তর-পূর্বাঞ্চলের পরিবর্তিত নিরাপত্তা পরিস্থিতি, বিভিন্ন সংস্থার মধ্যে সমন্বয় এবং যুদ্ধ প্রস্তুতি আরও জোরদার করার পরিকল্পনা নিয়ে আলোচনা করেন সেনাপ্রধান।
সীমান্তে প্রতিকূল পরিস্থিতিতেও দায়িত্ব পালনকারী জওয়ানদের দক্ষতা, মনোবল ও , কর্তব্য নিষ্ঠার ভূয়সী প্রশংসা করেন তিনি।

***************************

রাজ্যে সরকারি দপ্তরগুলিতে বিভিন্ন কাজের বরাত বার বার একই সংস্থাকে দেওয়ার বদলে, নিয়ম মেনে নির্দিষ্ট সময় অন্তর টেন্ডার ডেকে তা’ করতে হবে বলে নবান্নর তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়াল ওই নির্দেশিকায় জানিয়েছেন, কোনও সংস্থার চুক্তির মেয়াদ শেষ হওয়ার অন্তত ৩ মাস আগে নতুন টেন্ডার ডাকার প্রক্রিয়া শুরু করতে হবে। প্রতি দপ্তরের প্রধান, প্রতি মাসে নিয়োজিত সংস্থার সঙ্গে চুক্তি পর্যালোচনা করবেন এবং সেই রিপোর্ট অর্থ দপ্তরে পাঠাবেন। চুক্তির মেয়াদ বৃদ্ধি বা পুনর্নবিকরণের প্রস্তাব কোনো অবস্থাতেই গ্রহণ করা হবে না। সময়মতো টেন্ডার না ডাকার অজুহাত গ্রাহ্য হবেনা বলে স্পষ্ট জানানো হয়েছে। অনুমোদন ছাড়া চুক্তির মেয়াদ বাড়ানো বা নতুন টেন্ডার ডাকার ক্ষেত্রে অযথা

দেরি,  গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে বিবেচিত হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

****************************

পূর্ব মেদিনীপুরের দাদনপাত্রবাড়ে প্রস্তাবিত গভীর সমুদ্র বন্দর তৈরির জন্য তৎপরতা তুঙ্গে। শিল্প সচিব বন্দনা যাদব আজ সেখানে গিয়ে জেলাশাসক সহ অন্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করেছেন। শীঘ্রই রাজ্যের তরফে দরপত্র ডাকার প্রক্রিয়া শুরু হবে।

উল্লেখ্য, দাদনপাত্রবাড়ে সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে গভীর সমুদ্র বন্দর তৈরির জন্য রাজ্য সরকার, এক হাজার ৭০০ একর জমি চিহ্নিত করেছে। প্রাথমিকভাবে এর জন্য খরচ ধরা হয়েছে ১৯ হাজার ২০৯ কোটি টাকা।

****************************

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের সূর্যপুরে, নাবালিকাকে গণধর্ষণ ও খুনের ঘটনায় নির্যাতিতার বাবাকে, কারা দপ্তরে নিয়োগ করেছে রাজ্য সরকার। ইতমধ্যেই তাঁর হাতে নিয়োগ পত্র তুলে দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে খবর।
পাশাপাশি পরিবারকে আর্থিক সহায়তাও দেওয়া হয়েছে।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গত শনিবার ঐ নাবালিকার বাড়িতে গিয়ে পরিবারের সঙ্গে দেখা করে সব ধরনের সহায়তার আশ্বাস দেন। এই ঘটনায় চার অভিযুক্তকে গ্রেপ্তার করা হলেও, পুলিশী এনকাউন্টারে একজনের মৃত্যু হয়।

এদিকে, নাবালিকার দেহ উদ্ধারের পর গণপিটুনীতে ইন্দ্রজিত্ মন্ডল নামে এক যুবককে মৃত্যুর ঘটনায় আরো একজনকে গ্রেপ্তার করা হয়েছে। এই নিয়ে ধৃতের সংখ্যা বেড়ে হল- ৮।

ধৃত সাকিম লস্কর ওরফে কেলে-কে আজ বারুইপুর মহকুমা আদালতে তোলা হলে, পুলিশ হেফাজত হয়েছে।

****************************

কলকাতা হাইকোর্ট, মমতা ব্যানার্জীর নেতৃত্বে কালীঘাট তৃণমূল কংগ্রেসকে, বিড়লা প্ল্যানেটরিয়ামের কাছে ২১শে জুলাই শহীদ দিবস পালনের অনুমতি দিয়েছে। দুপুর ১২ টা থেকে সাড়ে ৩'টে পর্যন্ত সর্বাধিক আড়াই হাজার কর্মী সমর্থক নিয়ে

সমাবেশ করা যাবে। এব্যাপারে পুলিশকে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা করার নির্দেশ দিয়েছেন বিচারপতি সৌগত ভট্টাচার্য।

****************************

বর্ষীয়ান নেতা, কামারহাটির বিধায়ক **মদন** মিত্র, তৃণমূল কংগ্রেসের সমস্ত সাংগঠনিক পদ থেকে ইস্তফা দিয়েছেন। আজ সাংবাদিক সম্মেলনে তিনি মমতাপন্থী তৃণমূল ছেড়ে ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন বিক্ষুব্ধ শিবিরে যোগে দেবার কথা ঘোষণা করেন।

( বাইট- মদন বিদ্রোহী )

উল্লেখ্য, পুরনিয়োগ দুর্নীতি মামলায় গতকালই মদন মিত্রের স্ত্রী এবং দুই ছেলেকে নোটিশ দেয় ইডি। রাতেই এন্টালির বিধায়ক, বিদ্রোহী শিবিরের নেতা সন্দীপন সাহার বাড়িতে যান তিনি। এরপরই মদনের শিবির বদল নিয়ে জল্পনা শুরু হয়।

এদিকে, ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন দলে যোগ দেবার পেছনে মূল কারণ- অভিষেক ব্যানার্জি বলে তৃণমূল নেতা **অনুব্রত মন্ডল** জানিয়েছেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন, ভয় দেখিয়ে, কেন্দ্রীয় তদন্ত সংস্থার নামে চাপ সৃষ্টি করে অনেককে দল ছাড়তে বাধ্য করা হচ্ছে। সামাজিক মাধ্যমে আজ এক বার্তায় তিনি বলেন, দলের সঙ্গে যারা দীর্ঘদিন থেকে সংগ্রাম করেছেন, তারাই তৃণমূলের প্রকৃত সম্পদ।

( বাইট- মমতা ২১ শে )

****************************

সেবাশ্রয় স্বাস্থ্য শিবিরে চিকিৎসা করিয়ে এক **শিশুর ডান হাত** খোয়ানোর অভিযোগে, দক্ষিণ ২৪ পরগণার বিষ্ণুপুর থানায় সাংসদ অভিষেক ব্যানার্জি সহ ছ’জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছে। বোরহাটপুরের বাসিন্দা তিন বছরের কৃতি মান্না, বিরল ও জটিল রোগে আক্রান্ত ছিল। সেবাশ্রয় শিবিরে ভুল চিকিৎসার জন্য তার ডান হাত কেটে বাদ দিতে হয় বলে অভিযোগ। এই ঘটনায় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক, ডায়মন্ড হারবারের সাংসদ ছাড়াও, বিষ্ণুপুরের বিধায়ক দিলীপ মন্ডল, দলের নেতা চিকিৎসক শান্তনু সেন সহ ৬’জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছে।

উল্লেখ্য, এর আগে অভিষেকের উদ্যোগে আয়োজিত শিবিরে ভুল চিকিৎসার জন্য পা বাদ পরার অভিযোগে মালতী বিশ্বাস নামে এক মহিলা, অভিষেক সহ ১১ জনের বিরুদ্ধে রবীন্দ্রনগর থানায় FIR দায়ের করেন।

****************************

আগামীকাল রথযাত্রা। জগন্নাথ দেব, বলভদ্র ও দেবী সুভদ্রা, রথে উপবিষ্ট হয়ে যাবেন মাসির বাড়ি। ওড়িশার পুরী, রাজ্যে হুগলির মাহেশ, গুপ্তিপাড়া, পূর্ব মেদিনীপুরের মহিষাদল, হাওড়ার আন্দুল, বাঁকুড়ার বিষ্ণুপুর, কোচবিহারের মদনমোহন, নদীয়ার মায়াপুরের ইসকন, কলকাতার ইস্কনে রথযাত্রার জন্য যাবতীয় প্রস্তুতি শেষ পর্যায়ে।

****************************

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন উত্তর ওড়িশা-পশ্চিমবঙ্গ উপকূলের ওপর অবস্থিত নিম্নচাপ অঞ্চলটি, আগামী ৪৮ ঘন্টায় এটি একটি সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়ে উত্তর ওড়িশা এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দিকে অগ্রসর হবে।

আগামী শুক্রবার পর্যন্ত দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস।

**********************************************************************